

কলমাকান্দা উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক কমিটির এপ্রিল /২০২২ খ্রিঃ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ মিজানুর রহমান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কলমাকান্দা, নেত্রকোণা।

সভার স্থান : সভাপতি মহোদয়ের অফিস কক্ষে।

তারিখঃ ২৭/০৪/২০২২ খ্রিঃ, সময় : সকাল -১১.০০ ঘটিকা, রোজ : বুধবার।

সভায় উপস্থিত সদস্য বৃন্দের তালিকা “ক” এ সংযোজিত।

অদ্য ২৭/০৪/২০২২খ্রিঃ তারিখে ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, কলমাকান্দা, নেত্রকোণা মহোদয়ের সভাপতিত্বে সভার কাজ শুরু করা হয়।

সভার শুরুতে সভাপতি সাহেব উপস্থিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার বিষয়বস্তু উপস্থাপনের জন্য উপজেলা কমিটির সদস্য সচিব জনাব মোঃ এনামুল হক, উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কলমাকান্দা, নেত্রকোণা মহোদয়কে অনুরোধ জানানো হয় এবং সভার কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়।

অতপর কুশল বিনিময় শেষে নিম্নোক্ত বিষয়ে আলোচনা /সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

ক্রঃ নং	আলোচ্যসূচী	আলোচনা	সিদ্ধান্ত
০১	বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন	উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কলমাকান্দা, নেত্রকোণা সাহেব বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান।	কোন সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে গৃহিত ও অনুমোদিত হয়
০২	কলমাকান্দা উপজেলাধীন বিআরডিবি কর্তৃক বাস্তবায়নাধীন বীর মুক্তিযোদ্ধা ও তাঁদের আত্মকর্মসংস্থান কর্মসূচীর আওতায় খেলাপী ঋণ আদায় ও বিতরণ বিষয়ক আলোচনা।	উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সাহেব সভাকে অবহিত করেন যে, অত্র উপজেলায় ৩২ জন বীর মুক্তিযোদ্ধাকে সরকার কর্তৃক প্রদত্ত স্বল্প সুদে ঋণ বিতরণ করা হয়। ০৪ জন বীর মুক্তিযোদ্ধা ব্যতীত সকল মুক্তিযোদ্ধারা ঋণের টাকা সঠিক সময়ে পরিশোধ না করায় অন্যান্য দরিদ্র মুক্তিযোদ্ধারা সরকারের সুযোগ সুবিধা হতে বঞ্চিত হচ্ছে। সকল বীর মুক্তিযোদ্ধারা যাতে সরকারের এ সুবিধা গ্রহণ করতে পারে সে ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়।	এ ব্যাপারে উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সাহেবকে সকল বীর মুক্তিযোদ্ধাগণের সাথে নিয়মিত যোগাযোগ রক্ষার মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বলা হলো।
০৩	বিবিধ	সভাপতি মহোদয় সভায় উপস্থিত হওয়ার জন্য সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।	আর কোন আলোচনা না থাকায় সভা সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ মিজানুর রহমান)

ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায়

বিষয়ক কমিটি

কলমাকান্দা, নেত্রকোণা।